গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী,চট্টগ্রাম

**সংশোধিত**

নং- ৬১/২০২৬ | ২৫ জানুয়ারী ২০২৬

# সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২৬

## ৬১ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির নির্দেশাবলী

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমির জন্য ৬১ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত ১৪০ জন পুরুষ ও ২০ জন মহিলা প্রার্থীর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা আগামী ২৬ জানুয়ারি ও ২৭ জানুয়ারি ২০২৬ খ্রি: একাডেমি ক্যাম্পাসে সকাল ৯.০০ টা হতে অনুষ্ঠিত হবে।

২। নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশাবলী মোতাবেক স্বাস্থ্য পরীক্ষাসমূহ:
CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile.

৩। এর মধ্যে CXR (বক্ষ এক্সরে) প্রার্থী তার সুবিধাজনক সরকার অনুমোদিত ল্যাব থেকে সম্পন্ন করে ফিল্ম ও রিপোর্ট নিয়ে আসতে হবে। বাকী ০৭ টি ডাক্তারী পরীক্ষা একাডেমিতে সম্পন্ন হবে। এর জন্য আনুমানিক ৭০০০/- (সাত হাজার) টাকা (প্রকৃত ব্যয় অনুযায়ী কম-বেশী) প্রয়োজন হবে যা প্রার্থীকে পরীক্ষার শুরুতে পরিশোধ করতে হবে।

৪। স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীগণকে ০১- ০২ ফেব্রুয়ারী ২০২৬খ্রি: একাডেমিতে অফিস সময়ের (সকাল ৯.০০- বিকেল ৪.০০ টা) মধ্যে ভর্তি হতে হবে। তবে প্রার্থী ইচ্ছুক হলে ডাক্তারী পরীক্ষা চলাকালীন সময়ে নির্ধারিত ডকুমেন্ট ও পে-অর্ডার জমা দিয়ে সাময়িকভাবে ভর্তি হতে পারবে। *[কোন প্রার্থী চুড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অনুত্তীর্ণ হলে একাডেমি হতে ডকুমেন্ট ও পে-অর্ডার ফেরত নিতে পারবে। এতে করে একজন প্রার্থী শুধুমাত্র এক (০১) দিনেই সকল কার্যক্রম সম্পন্ন করে ফিরে যেতে পারবে।]*

৫। একাডেমিতে ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণ ফি প্রার্থীর জন্য প্রযোজ্য ২,০০,০০০/- টাকার মধ্যে ভর্তির সময় অফেরতযোগ্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পরিশোধ করতে হবে। প্রোক্ত টাকা "**কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম-** সোনালী ব্যাংক, মেরিন একাডেমি শাখা"-র অনুকূলে ডিডি/পে অর্ডার আকারে অথবা অনলাইনে হি. নং ০৮৩৪২০০০০০০০৯ এ জমা দিতে হবে । বাকী দুই কিস্তিতে যথা: ৭০,০০০/-(সত্তর হাজার) টাকা প্রশিক্ষণে যোগদানের সময় এবং অবশিষ্ট ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ২য় বৎসরে, ৩১ জানুয়ারী ২০২৭খ্রি: এর মধ্যে পরিশোধ করতে হবে। [একাডেমি ক্যাম্পাসেও পে অর্ডার করা যাবে]

৬। ভর্তির সময় নিম্নলিখিত তালিকা মোতাবেক প্রমানাদি জমা দিতে হবে।

| | | |
|---|---|---|
| (ক) মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ | - | ০২ সেট কপি সহ |
| (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ | - | ০২ সেট কপি সহ [মূলসনদ না পেলে প্রসংশাপত্র] |
| (গ) পাসপোর্ট সাইজের ছবি | - | ০৪ কপি |

৭। একাডেমি প্রশিক্ষণ শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে। ভর্তিকালীন সময়ে মূল আবেদন ফরম (ব্লু ফরম) দেয়া হবে যা পূরণ করে নিম্নলিখিত প্রমানাদিসহ একাডেমি প্রশিক্ষণে অংশগ্রহণের দিন জমা দিতে হবে। এছাড়াও যাবতীয় ডকুমেন্ট/ প্রমানাদি, তথ্যাদি ও যোগদানের নির্দেশনা ভর্তিকালীন জানানো হবে।

| | | |
|---|---|---|
| (১) মূল আবেদন ফরম (ব্লু ফরম)- Main Application Form | - | ভর্তির সময় প্রদান করা হবে। |
| (২) ইনডেমনিটি বন্ড- ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে (নমুনা মোতাবেক) | - | ভর্তির সময় প্রদান করা হবে। |
| (৩) অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি | - | ০২ কপি |
| (৪) নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি | - | ০২ কপি (সিটি কর্পো ওয়ার্ড/ইউপি) |
| (৫) অবিবাহিত প্রমাণক সনদের মূলকপি | - | ০১ সত্যায়িত কপিসহ |
| (৬) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র | - | ০১ আয়কর রিটার্ণ কপি |
| (৭) পাসপোর্ট সাইজের ছবি | - | ০৬ কপি |

৮। এছাড়াও ভর্তি বা ডাক্তারী পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রকার তথ্য জানা যাবে- ০২৩৩৩৩১৪১৫১-৫৪ নম্বরে।
৯। নির্ধারিত তারিখের পর কোন প্রকার ভর্তির অনুরোধ/ আবেদন গ্রহণ করার সুযোগ নেই।

স্বা/:
কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।